গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৪০.১১.০০২.২৩-**৫২৮**

তারিখ: ২৮ ফাল্গুন ১৪৩০ / ১২ মার্চ ২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নিম্নোক্ত পদসমূহে জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী সরাসরি নিয়োগের জন্য পদের বিপরীতে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১. | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | ০১ (এক) টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>গ) সাঁট-লিপিতে বাংলায় প্রতি মিনিটে ৪৫ শব্দ এবং ইংরেজিতে প্রতি মিনিটে ৭০ শব্দ লিখার গতি থাকতে হবে;<br>ঘ) কম্পিউটারে Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | খুলনা, বাগেরহাট, নড়াইল, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, ঢাকা, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, গোপালগঞ্জ, মাদারীপুর, টাঙ্গাইল, বরিশাল, জামালপুর, শেরপুর, পাবনা, সিরাজগঞ্জ, রাজশাহী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, লালমনিরহাট, কুড়িগ্রাম, সুনামগঞ্জ<br>**তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ সকল জেলা থেকে আবেদন করতে পারবেন।** |
| ০৫. | অফিস সহায়ক ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০৮ (আট) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | কুষ্টিয়া, চট্টগ্রাম, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, লক্ষ্মীপুর, গাজীপুর, নারায়নগঞ্জ, নরসিংদী, মাদারীপুর, টাঙ্গাইল, বরিশাল, ভোলা, পিরোজপুর, বগুড়া, সিরাজগঞ্জ, রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, রংপুর, দিনাজপুর, কুড়িগ্রাম, নীলফামারী, সিলেট<br>**তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ সকল জেলা থেকে আবেদন করতে পারবেন।** |

**০২. আবেদন দাখিল করা এবং মৌখিক পরীক্ষার জন্য নিম্নোক্ত শর্ত অবশ্যই প্রতিপালন করতে হবে:**

ক. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

খ.সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

গ. **০১-০৩-২০২৪** খ্রি. তারিখে প্রার্থীর বয়স হবে সর্বোচ্চ ১৮-৩০ বছর। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বছর। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যা প্রার্থীর ক্ষেত্রে বয়স হবে সর্বোর্চ্চ ৩০ বছর। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

ঘ. বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ (সংশোধিত-২০২০) অনুযায়ী বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

**ঙ. আবেদন অবশ্যই অনলাইনে http://tmed.teletalk.com.bd এই ওয়েবসাইটে করতে হবে।**

চ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি অনুসরণ করা হবে।

ছ. কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/ বা নিয়োগ প্রদানের সিদ্ধান্ত বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

জ. শূন্য পদ পূরণের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ঝ. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন পত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

ঞ. সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, নাগরিকত্ব, চারিত্রিক এবং সকল প্রকার প্রশিক্ষণের মূল সনদ মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে এবং বর্ণিত কাগজপত্রের ০১ (এক) সেট সত্যায়িত কপি মৌখিক পরীক্ষার সময় অবশ্যই জমা দিতে হবে।

ট. (প্রযোজ্য ক্ষেত্রে):

(i) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ, বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কিংবা কন্যা সন্তানের ক্ষেত্রে উপযুক্ত প্রমানক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত প্রার্থীর সঙ্গে বীর মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত মূল প্রত্যয়ন পত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

(ii) কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে কোটার স্বপক্ষে প্রমাণকের মূল কপি মৌখিক পরীক্ষার বোর্ডে প্রদর্শন করতে হবে।

ঠ. লিখিত/মৌখিক/অন্য কোন পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

ড. এই নিয়োগ বিজ্ঞপ্তিটি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ওয়েব সাইটে (www.tmed.gov.bd) পাওয়া যাবে।

ঢ. বর্ণিত নিয়োগের পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.tmed.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।

**০৩. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:**

ক) আগ্রহী ব্যক্তি http://tmed.teletalk.com.bd এই ওয়েবসাইটে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

১. অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ: **২০-০৩-২০২৪, সকাল ১০:০০** ঘটিকা।

২. অনলাইনে আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ: **২০-০৪-২০২৪, সন্ধ্যা: ০৬:০০** ঘটিকা। উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) অনলাইনে আবেদন পত্রে প্রার্থীতার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) ও **সদ্য তোলা রঙিন ছবি** (দৈর্ঘ্য ৩০০ x ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন প্রেরণ করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদন পত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা-সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online—এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ১ নং ক্রমিকের পদের পরীক্ষার ফি বাবদ জনপ্রতি ২০০/- (দুইশত) টাকা ও টেলিটক সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ) টাকাসহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা (অফেরতযোগ্য) এবং ২ নং ক্রমিকের পদের পরীক্ষার ফি বাবদ জনপ্রতি ১০০/- (একশত) টাকা ও টেলিটক সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online—এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদন পত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম** SMS: TMED<space>User ID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে

Example: TMED ABCDEF & send to 16222

**দ্বিতীয়** SMS: TMED <space>Yes<space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে ।

Example: TMED Yes 12345678 & send to 16222

চ) **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** http://tmed.teletalk.com.bd ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথা সময়ে জানানো হবে। Online আবেদন পত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: TMED<space>Help<space>User<space>User ID & send to 16222
Example: TMED Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: TMED<space>Help<space>PIN<space>PIN No & send to 16222
Example: TMED Help PIN 1234567 & send to 16222

ঝ) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের নিয়োগ পরীক্ষা-২০২৪ এর বিজ্ঞপ্তি, Online -এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ওয়েব সাইট http://tmed.teletalk.com.bd এবং www.tmed.gov.bd -এ পাওয়া যাবে।

১৭/৩/২০২৪

(সাজ্জাদ হোসেন)
উপসচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
ও
সদস্য-সচিব
বিভাগীয় পদোন্নতি/নির্বাচন কমিটি
ফোন: ০২-৫৫১০০৪১৬